



বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
শেরপুর।
www.ecs.gov.bd

নং-১৭.০৯.৮৯০০.০০০.৩২.০১৮.২২-১১১

তারিখঃ ০৭ এপ্রিল ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের ২৮ মার্চ ২০২২ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-১৮১ নম্বর পত্রের প্রেক্ষিতে ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ-২০২২ উপলক্ষে শেরপুর জেলার ০৫(পাঁচ) টি উপজেলার ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রমের জন্য প্রয়োজনীয় জনবলের প্যানেল তৈরির নিমিত্ত নিম্নলিখিত পদের জন্য বর্ণিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন আত্মহী প্রার্থীর নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মন্তব্য
০১	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে)	ছবিসহ ভোটার	
০২	টিম লিডার	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে)	তালিকার কাজে	
০৩	প্রুফ রিডার	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে)	অভিজ্ঞদের	
০৪	ডাটা এন্ট্রি অপারেটর	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী থাকতে হবে)	অগ্রাধিকার দেওয়া	
০৫	ডাটা এন্ট্রি হেলপার	এস.এস. সি (কম্পিউটার অপারেটিং সম্পর্কিত জ্ঞান থাকতে হবে)	হবে।	

উল্লেখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে আগামী ১৭ এপ্রিল ২০২২ তারিখ রোজ রবিবারের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) “জেলা নির্বাচন অফিসার, শেরপুর” এর বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র সরাসরি/ডাকযোগে জেলা নির্বাচন অফিস, শেরপুর-এ দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

শর্তাবলীঃ

- আত্মহী প্রার্থীদেরকে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদপত্র, চেয়ারম্যান/গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র/কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ (পদের নাম, নিজ নাম, পিতার ও মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর এবং অভিজ্ঞতা উল্লেখ পূর্বক) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
- ইতোপূর্বে ছবিসহ ভোটার তালিকার কাজে নিয়োজিত ছিলেন এরূপ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের নিকট হতে “টেকনিক্যাল এক্সপার্ট/সাপোর্ট, টিম লিডার/ প্রুফ রিডার/ ডাটা এন্ট্রি অপারেটর/ ডাটা এন্ট্রি হেলপার পদে নিয়োজিত ছিলেন” এই মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ভোটার তালিকা হালনাগাদ কাজের জন্য শুধু প্রয়োজন অনুসারে নির্বাচিত প্রার্থীদের প্যানেল হতে নিয়োগ করা হবে।
- যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ডাকযোগে/মোবাইল ফোনে নির্ধারিত তারিখে মৌখিক/লিখিত/ব্যবহারিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। জরুরী যোগাযোগের জন্য আবেদনপত্র বর্তমান ঠিকানার সাথে মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল অথবা নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- উপরোল্লিখিত পদসমূহ সম্পূর্ণ আত্মহী ভিত্তিতে হালনাগাদ কার্যক্রম সময়ের জন্য উপজেলা ভিত্তিক নিয়োগ প্রদান করা হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়/প্রকল্প কার্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে উপরোক্ত কাজের জন্য অর্থ প্রদান করা হবে।
- ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের কাজে দক্ষতাসহ অনুরূপ কাজে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- কাজে অদক্ষতা কিংবা অসদুপায়ের জন্য পূর্বে বহিস্কৃত কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হবে না।
- দায়িত্বপালনকালে দায়িত্বে অবহেলা/অসদুপায়ের জন্য বিনা নোটিশে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হবে। সেই সাথে ভোটার তালিকা আইন ২০০৯ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোহাম্মদ শানিয়াজ্জামান তালুকদার)
জেলা নির্বাচন অফিসার
শেরপুর।

নং-১৭.০৯.৮৯০০.০০০.৩২.০১৮.২২-১১১

তারিখঃ ০৭ এপ্রিল ২০২২

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, শেরপুর।
- মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প-২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- পুলিশ সুপার, শেরপুর।
- উপজেলা নির্বাহী অফিসার,(সকল), শেরপুর।
- উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার,(সকল), শেরপুর। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- নোটিশ বোর্ড।

জেলা নির্বাচন অফিসার
শেরপুর।